গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

## সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৯৬/২০১৯-২০২০

ঢাকা, ৪ নভেম্বর সোমবার ২০১৯, ১৯ কার্তিক ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জেলহত্যা দিবস পালিত : জাতীয় চার নেতার স্মৃতির উদ্দেশে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা
২। বাংলাদেশে যেন আর খুনিদের রাজত্ব না হয় : জেল হত্যা দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী
৩। পলাতক খুনিদের ফেরাতে কূটনৈতিক প্রচেষ্টা বাড়ানো হবে : সেতুমন্ত্রী
৪। বাংলাদেশ-ভারত টেস্টে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্মারক উপহার দেবে সিএবি
৫। জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় এগিয়ে আসুন : স্থপতিদের স্পিকার
৬। আট জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী
৭। অর্থমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালকদের সাক্ষাৎ :
প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস বিশ্বব্যাংকের
৮। রোহিঙ্গা সংকটের সমাধান হতে হবে রাজনৈতিকভাবে :
ঢাকায় সংবাদসম্মেলনে বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালক
৯। ব্যাংককে মোদি-সুচি বৈঠক : রোহিঙ্গা প্রত্যাবাসনে সুচির প্রতি মোদির আহ্বান
১০। রোহিঙ্গা সংকট সমাধানে পাশে আছে ভারত : ড. মোমেনকে জয়শঙ্করের চিঠি
১১। রোহিঙ্গাদের নিরাপদে ফিরিয়ে নিন : মিয়ানমারকে জাতিসংঘ মহাসচিব
১২। ঢাকার দুই সিটি কর্পোরেশনসহ দেশের অন্য সিটির নির্বাচন যথাসময়ে : স্থানীয় সরকার মন্ত্রী
১৩। ঢাকার দুই সিটি করপোরেশনের নির্বাচন জানুয়ারিতে : তফসিল ঘোষণা ডিসেম্বরে
১৪। প্রাথমিক বিদ্যালয় থেকেই শুরু করতে হবে কম্পিউটার প্রোগ্রামিং : টেলিযোগাযোগমন্ত্রী
১৫। মোগল আমলের স্থাপত্য হাজীগঞ্জ দুর্গকে পর্যটন কেন্দ্র করা হবে : সংস্কৃতি প্রতিমন্ত্রী
১৬। প্রথম টি২০-তে ভারতকে ৭ উইকেটে হারাল বাংলাদেশ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন

চলমান পাতা-২

১। **জেলহত্যা দিবস পালিত : জাতীয় চার নেতার স্মৃতির উদ্দেশে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে প্রধানমন্ত্রীর শ্রদ্ধা**

যথাযোগ্য মর্যাদায় গতকাল (৩ নভেম্বর রোববার) সারাদেশে জেলহত্যা দিবস পালিত হয়েছে। গোটা জাতি এদিন জাতীয় চার নেতা মুক্তিযুদ্ধের বীর সেনানী সৈয়দ নজরুল ইসলাম, তাজউদ্দীন আহমদ, এম মনসুর আলী এবং এএইচএম কামারুজ্জামানকে শ্রদ্ধা জানানোর মধ্য দিয়ে ইতিহাসের বর্বরোচিত এ কালো অধ্যায়কে স্মরণ করেছে। আওয়ামী লীগসহ বিভিন্ন দল ও সংগঠন এ উপলক্ষে দিনব্যাপী কর্মসূচি নিয়েছিল। প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় চার নেতার স্মৃতির উদ্দেশে সকাল ৭টায় ধানমন্ডি বঙ্গবন্ধু ভবন প্রাঙ্গণে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ্য অর্পণ করেন। তিনি সেখানে কিছুক্ষণ নীরবে দাঁড়িয়ে ছিলেন। পরে আওয়ামী লীগ সভাপতি হিসেবে দলের কেন্দ্রীয় নেতাদের নিয়ে জাতির পিতার প্রতিকৃতিতে আরেকবার শ্রদ্ধাঞ্জলি অর্পণ করেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.২, ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.৩,ক.৬), **ডেইলি সান** (পৃ.৩,ক.৮)।

২। **বাংলাদেশে যেন আর খুনিদের রাজত্ব না হয় : জেল হত্যা দিবসের আলোচনায় প্রধানমন্ত্রী**

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, বাংলাদেশে যেন আর খুনিদের রাজত্ব না হয়। যারা খুনি, সন্ত্রাসী, মুক্তিযোদ্ধা হত্যাকারী, তাদের হাতে যেন ক্ষমতা না যায়। দেশ উন্নয়নের যে গতিতে চলছে, তা যেন অব্যাহত থাকে। জনগণকে সে খেয়াল রাখতে হবে। গতকাল (৩ নভেম্বর রোববার) রাজধানীর কৃষিবিদ ইনস্টিটিউশন মিলনায়তনে শোকাবহ জেল হত্যা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনাসভায় তিনি আরো বলেন, ভবিষ্যতে **১৫** আগস্ট ও **৩** নভেম্বরের জেল হত্যাকাণ্ডের নেপথ্যের ষড়যন্ত্রকারী ও মদদদাতাদেরও বিচার হবে। এ রহস্য উদঘাটন হবে এবং ষড়যন্ত্রকারীরাও ধরা পড়বে। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১,ক.১), **সমকাল** (পৃ.১,ক.৬), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৫), **অবজারভার** (পৃ.১,ক.১)।

৩। **পলাতক খুনিদের ফেরাতে কূটনৈতিক প্রচেষ্টা বাড়ানো হবে : সেতুমন্ত্রী**

সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও জাতীয় চার নেতা হত্যাকাণ্ডে বিদেশে পালিয়ে থাকা খুনিদের ফেরাতে কূটনৈতিক প্রচেষ্টা আরও বাড়ানো হবে। গতকাল (৩ নভেম্বর রোববার) জেলহত্যা দিবস উপলক্ষে ধানমন্ডি ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন শেষে সাংবাদিকদের তিনি এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২, ক.৫), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.৩,ক.৫)।

৪। **বাংলাদেশ-ভারত টেস্টে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে স্মারক উপহার দেবে সিএবি**

আগামী ২২ নভেম্বর কলকাতার ঐতিহ্যবাহী ইডেন গার্ডেনে টেস্ট ম্যাচ খেলবে বাংলাদেশ ও ভারত। এবারই প্রথম এ মাঠে টেস্ট খেলতে নামবে বাংলাদেশ। এ ম্যাচ ঘিরে নানা আয়োজন হাতে নিয়েছেন ভারতীয় ক্রিকেটের সাবেক অধিনায়ক ও বোর্ডের নতুন সভাপতি সৌরভ গাঙ্গুলী। সেখানেই প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে বল-আকৃতির স্মারক ও সোনার মুদ্রা দিয়ে সম্মানিত করার পরিকল্পনা করেছে পশ্চিম বাংলা ক্রিকেট অ্যাসোসিয়েশন (সিএবি)। গতকাল (৩ নভেম্বর রোববার) ভারতের সংবাদপত্র দৈনিক আনন্দবাজার এ খবর জানিয়েছে । সূত্র-**আমাদের অর্থনীতি** (পৃ.১,ক.১)।

৫। **জলবায়ু পরিবর্তনের প্রভাব মোকাবিলায় এগিয়ে আসুন : স্থপতিদের স্পিকার**

নাগরিকদের জীবনমান উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারেন স্থপতিরা। উদ্ভাবনী ক্ষমতার মাধ্যমে নাগরিক চাহিদা পূরণ নিশ্চিত করা ও জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় স্থপতিদের এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী। গতকাল (৩ নভেম্বর রোববার) রাজধানীর বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলনকেন্দ্রে বাংলাদেশ স্থপতি ইনস্টিটিউটের উদ্যোগে পাঁচ দিনব্যাপী সম্মেলন 'আর্কএশিয়া ২০ ফোরাম' উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, পরিবেশ রক্ষা ও জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবিলায় স্থপতিদের কাজ করতে হবে। সূত্র-**সমকাল** (পৃ.২, ক.১), **অবজারভার** (শেষ পৃ,ক.২), **ডেইলি সান** (পৃ.২,ক.২)।

৬। **আট জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করা হচ্ছে : স্বরাষ্ট্রমন্ত্রী**

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, পুলিশের স্পেশাল ব্রাঞ্চের দেওয়া তথ্যে আট জঙ্গি সংগঠনকে নিষিদ্ধ করা হচ্ছে। গতকাল (৩ নভেম্বর রোববার) 'বাংলাদেশ সেক্রেটারিয়েট রিপোর্টার্স ফোরাম' বিএসআরএফ সংলাপে তিনি একথা বলেন। ই-পাসপোর্ট প্রসঙ্গে তিনি আরো জানান, আড়াই কোটি মেশিন রিডেবল-এমআরপি পাসপোর্ট দেওয়া হয়েছে। চলতি বছরের শেষে ই-পাসপোর্ট চালু করা হবে। ফেইসবুকে অপপ্রচারকারীদের ঠেকাতে কোনো পদক্ষেপ নেওয়া হচ্ছে কি না, জানতে চাইলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ফেইসবুকের মাধ্যমে গুজব ছড়িয়ে যারা অপপ্রচার করছে, তাদের সবাইকে শনাক্ত করা হয়েছে। তাদের আমরা বিচারের মুখোমুখি করব। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৯,ক.৭), **সমকাল** (পৃ.৩,ক.১), **অবজারভার** (পৃ.৮,ক.৫), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৬)।

৭। **অর্থমন্ত্রীর সঙ্গে বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালকদের সাক্ষাৎ :**
**প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস বিশ্বব্যাংকের**

অর্থমন্ত্রী আ হ ম মুস্তফা কামাল বলেছেন, অর্থনৈতিক প্রবৃদ্ধির লক্ষ্যমাত্রা অর্জনে বিশ্বব্যাংক তাদের সহযোগিতা অব্যাহত রাখার আশ্বাস দিয়েছে। বিশেষ করে শিক্ষা ও স্বাস্থ্যখাতের উন্নয়ন এবং কর্মসংস্থান সৃষ্টির মাধ্যমে দারিদ্র বিমোচনে তাঁরা সহযোগিতা অব্যাহত রাখবে। গতকাল (৩ নভেম্বর রোববার) রাজধানীর একটি হোটেলে বাংলাদেশে সফররত বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালকদের সঙ্গে বৈঠক শেষে যৌথ সংবাদসম্মেলনে এসব কথা বলেন তিনি। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৮,ক.৫), **যুগান্তর** (পৃ.২,ক.৫)।

৮। **রোহিঙ্গা সংকটের সমাধান হতে হবে রাজনৈতিকভাবে :**
**ঢাকায় সংবাদসম্মেলনে বিশ্বব্যাংকের নির্বাহী পরিচালক**

রোহিঙ্গা সংকট একটি রাজনৈতিক ইস্যু। এর সমাধান করা বিশ্বব্যাংকের কাজ নয়। রোহিঙ্গা সংকটের সমাধান করতে হবে রাজনৈতিকভাবে। জাতিসংঘসহ আন্তর্জাতিক সম্প্রদায়ের সহযোগিতায় বাংলাদেশ সরকারকে এ উদ্যোগ নিতে হবে। বিশ্বব্যাংক যা করতে পারে তা হলো রোহিঙ্গাদের জীবনমান উন্নয়নে কারিগরি ও অর্থনৈতিক সহযোগিতা করা। ইতোমধ্যে তারা রোহিঙ্গাদের জন্য সহায়তা দিয়েছে এবং ভবিষ্যতেও এটা অব্যাহত থাকবে। বিশ্বব্যাংক গ্রুপের নির্বাহী পরিচালক ও সংস্থার বাংলাদেশে সফররত প্রতিনিধিদলের মুখপাত্র প্যাটরিজিও প্যাগানো গতকাল (৩ নভেম্বর রোববার) ঢাকায় সংবাদসম্মেলনে এ কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.২, ক.২), **অবজারভার** (শেষ পৃ,ক.১), **নিউজ টুডে** (শেষ পৃ,ক.৫)।

৯। **ব্যাংককে মোদি-সুচি বৈঠক : রোহিঙ্গা প্রত্যাবাসনে সুচির প্রতি মোদির আহ্বান**

থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে আশিয়ান সম্মেলনের এক ফাঁকে গতকাল (৩ নভেম্বর রোববার) বৈঠক করেছেন ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি এবং মিয়ানমারের স্টেট কাউন্সিলর অং সান সুচি। বৈঠকে নরেন্দ্র মোদি দ্রুত রোহিঙ্গা প্রত্যাবাসন করার জন্য সুচির প্রতি আহ্বান জানান। তিনি রোহিঙ্গাদের রাখাইনে দ্রুত ফিরিয়ে নিতে নিরাপদ ও টেকসই পন্থা অবলম্বন করার আহ্বানও জানান। মোদি বলেন, রোহিঙ্গা সমস্যা ভারত, মিয়ানমার ও বাংলাদেশের সমস্যা। ভারতের প্রধানমন্ত্রী কার্যালয়ের ওয়েবসাইটে এ খবর প্রকাশ করা হয়েছে। বৈঠকে রাখাইনে ভারতের চলমান প্রকল্প সম্পর্কে দুই নেতার মধ্যে কথা হয়। প্রথম প্রকল্পের আওতায় রাখাইনে ইতোমধ্যে ২৫০টি অস্থায়ী ঘর মিয়ানমারের কাছে হস্তান্তর করেছে ভারত। মোদি জানান, রাখাইনে আর্থ-সামাজিক উন্নয়নে আরও প্রকল্প প্রয়োজন হলে হাতে নেবে ভারত। সূত্র-**যুগান্তর** (পৃ.২,ক.৪), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **ডেইলি সান** (পৃ.১,ক.১)।

১০। **রোহিঙ্গা সংকট সমাধানে পাশে আছে ভারত : ড. মোমেনকে জয়শঙ্করের চিঠি**

রোহিঙ্গা সংকট সমাধানে পূর্ণ সমর্থন জানিয়ে বাংলাদেশের পাশে আছে ভারত। পররাষ্ট্রমন্ত্রী ড. এ কে আব্দুল মোমেনকে লেখা চিঠিতে এ কথা জানিয়েছেন ভারতের পররাষ্ট্রমন্ত্রী সুব্রামনিয়াম জয়শঙ্কর। গতকাল (৩ নভেম্বর রোববার) পররাষ্ট্র মন্ত্রণালয়ের এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.২), **ইত্তেফাক** (পৃ.১৯,ক.৮), **অবজারভার** (শেষ পৃ,ক.৩), **ইন্ডিপেনডেন্ট** (শেষ পৃ,ক.২) ।

১১। **রোহিঙ্গাদের নিরাপদে ফিরিয়ে নিন : মিয়ানমারকে জাতিসংঘ মহাসচিব**

রোহিঙ্গাদের বর্তমান অবস্থা নিয়ে উদ্বেগ প্রকাশ করেছেন জাতিসংঘ মহাসচিব আন্তোনিও গুতেরেস। মিয়ানমারের প্রতি আহ্বান জানিয়ে তিনি বলেছেন, বাংলাদেশে আশ্রয় নেওয়া নির্যাতিত এসব মানুষকে নিরাপদে ফিরিয়ে নিতে হবে। থাইল্যান্ডের রাজধানী ব্যাংককে আয়োজিত দক্ষিণ-পূর্ব এশিয়ার জোট আসিয়ানের সম্মেলনে বক্তৃতাকালে গতকাল (৩ নভেম্বর রোববার) তিনি এসব কথা বলেন। জাতিসংঘ মহাসচিব আরো বলেন, রাখাইন রাজ্যে রোহিঙ্গাদের নিজ ভূমিতে নিরাপদ, টেকসই ও সসম্মানে ফেরানোর অনুকূল পরিবেশ তৈরি করার দায়িত্ব মিয়ানমারের। এছাড়া প্রত্যাবাসন এলাকায় মানবিক ও নিরবচ্ছিন্ন প্রবেশের অনুমতি দিতে দেশটির প্রতি আহ্বান জানান তিনি। সূত্র-**সমকাল** (পৃ.৫,ক.৬), **ইত্তেফাক** (পৃ.২,ক.১), **অবজারভার** (পৃ.১,ক.২), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.৮)।

১২। **ঢাকার দুই সিটি কর্পোরেশনসহ দেশের অন্য সিটির নির্বাচন যথাসময়ে : স্থানীয় সরকার মন্ত্রী**

ঢাকার দুই সিটি কর্পোরেশনসহ দেশের অন্য সিটির নির্বাচনও যথাসময়ে অনুষ্ঠিত হবে বলে জানিয়েছেন স্থানীয় সরকার মন্ত্রী মোঃ তাজুল ইসলাম। তিনি বলেন, সব নির্বাচনই যথাসময়ে করতে সরকার বদ্ধপরিকর। গতকাল (৩ নভেম্বর রোববার) সচিবালয়ে চীনা রাষ্ট্রদূত লি জিমিংয়ের সঙ্গে বৈঠক শেষে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.২,ক.৮), **আমাদের অর্থনীতি** (শেষ পৃ,ক.৩), **এশিয়ান এজ** (পৃ.৩,ক.৩)।

**১৩। ঢাকার দুই সিটি করপোরেশনের নির্বাচন জানুয়ারিতে : তফসিল ঘোষণা ডিসেম্বরে**

আগামী বছর জানুয়ারির মাঝামাঝি ঢাকা উত্তর ও দক্ষিণ সিটি করপোরেশনের ভোট গ্রহণের সিদ্ধান্ত নিয়েছে নির্বাচন কমিশন (ইসি)। ডিসেম্বরে তফসিল ঘোষণা করে জানুয়ারির তৃতীয় সপ্তাহে একই দিনে দুই সিটিতে ভোট হবে। সব ভোটকেন্দ্রেই ইলেকট্রনিক ভোটিং মেশিন (ইভিএম) ব্যবহার করা হবে। গতকাল (৩ নভেম্বর রোববার) রাজধানীর আগারগাঁওয়ে নির্বাচন ভবনে অনুষ্ঠিত কমিশন সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। এতে সভাপতিত্ব করেন প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) কে এম নূরুল হুদা। সূত্র-**সমকাল** (পৃ.১, ক.৫), **ইত্তেফাক** (পৃ.২,ক.৬), **অবজারভার** (পৃ.১,ক.৪), **ইন্ডিপেনডেন্ট** (পৃ.১,ক.২)।

**১৪। প্রাথমিক বিদ্যালয় থেকেই শুরু করতে হবে কম্পিউটার প্রোগ্রামিং : টেলিযোগাযোগমন্ত্রী**

বাংলাদেশের শ্রেষ্ঠ সম্পদ হচ্ছে মানবসম্পদ। এ সম্পদকে জ্ঞানভিত্তিক সমাজ বিনির্মাণের উপযোগী করে গড়ে তোলার মাধ্যমে জাপানসহ উন্নত বিশ্বের বিভিন্ন দেশে শ্রমবাজারে তরুণ প্রজন্মের বিপুল ঘাটতি পূরণের বিশাল সুযোগ কাজে লাগানো সম্ভব। এ লক্ষ্যে কম্পিউটারসহ ডিজিটাল শিক্ষা প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করা প্রয়োজন। কম্পিউটার প্রোগ্রামিং শিক্ষা বিশ্ববিদ্যালয় থেকে নয় প্রাথমিক বিদ্যালয় থেকে শুরু করতে হবে। ঢাকা বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগ এবং বাংলাদেশ জাপান জয়েন্ট ভেন্সার কোম্পানির (বিজেআইটি) যৌথ উদ্যোগে গত ২ নভেম্বর শনিবার আয়োজিত এক অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় ডাক ও টেলিযোগাযোগ মন্ত্রী মোস্তাফা জব্বার এসব কথা বলেন। সূত্র-**ইত্তেফাক** (পৃ.১৪,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৬)।

**১৫। মোগল আমলের স্থাপত্য হাজীগঞ্জ দুর্গকে পর্যটন কেন্দ্র করা হবে : সংস্কৃতি প্রতিমন্ত্রী**

নারায়ণগঞ্জ শহরের হাজীগঞ্জ এলাকায় মোগল আমলের ঐতিহাসিক স্থাপত্য নিদর্শন হাজীগঞ্জ দুর্গকে সৌন্দর্য বর্ধনের মাধ্যমে পর্যটন কেন্দ্র হিসেবে গড়ে তোলার ঘোষণা দিয়েছেন সংস্কৃতিবিষয়ক মন্ত্রী কেএম খালিদ। গতকাল (৩ নভেম্বর রোববার) দুর্গ পরিদর্শনে এসে সাংবাদিকদের তিনি এসব কথা জানান। সূত্র-**সংবাদ** (শেষ পৃ,ক.৬), **জনকণ্ঠ** (পৃ.১৪,ক.৬)।

**১৬। প্রথম টি২০-তে ভারতকে ৭ উইকেটে হারাল বাংলাদেশ : রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর অভিনন্দন**

তিন ম্যাচ সিরিজের প্রথম টি২০-তে ভারতকে ৭ উইকেটে হারাল বাংলাদেশ। ১৪৯ রানের টার্গেট ছাড়িয়ে গেল তিন বল হাতে রেখে। বাংলাদেশের জন্য এটি ঐতিহাসিক টি২০ জয়। ভারতের বিপক্ষে টাইগাররা শেষ জিতেছিল ২০১৫ সালের ২১ জুন দ্বিপক্ষীয় ওয়ানডে সিরিজে। ভারতের বিরুদ্ধে টি২০-তে প্রথম এ জয়টি সতীর্থরা উৎসর্গ করেছেন সাকিব-তামিমকে। ঐতিহাসিক এ জয়ে বাংলাদেশ দলকে অভিনন্দন জানিয়েছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ও প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সূত্র-**সমকাল** (পৃ.১, ক.১), **জনকণ্ঠ** (পৃ.১,ক.২), **অবজারভার** (পৃ.১,ক.৫), **ডেইলি সান** (পৃ.১,ক.৪)।

**সম্পাদকীয়**

ক. **ইত্তেফাক, জনকণ্ঠ :** নতুন সড়ক পরিবহণ আইন ১ নভেম্বর থেকে কার্যকার হওয়ার প্রেক্ষিতে ব্যাপক প্রচারণার মাধ্যমে পরিবহণ মালিক, চালক ও পথচারীসহ বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের মধ্যে এ আইন সম্পর্কে সচেতনতা বাড়ানোর আহ্বান।

খ. **জনকণ্ঠ :** কৃষিজাত পণ্যের ন্যায্য দাম নিশ্চিত করতে তৃণমূল থেকে রাজধানী পর্যন্ত একটি আধুনিক ও সমন্বিত মার্কেটিং ব্যস্থা গড়ে তোলা জরুরি বলে অভিমত।

গ. **সমকাল :** মানিকগঞ্জের সিংগাইরের বিভিন্ন গ্রামে মরদেহ দাহ করার কোনো শ্মশানঘাট না থাকায় বাড়ির উঠানে মরদেহ সৎকারের বিষয় তুলে ধরে এসব গ্রামবাসীর জন্য একটি শ্মশানঘাট নির্মাণের সুপারিশ।

ঘ. **ভোরের কাগজ, বণিক বার্তা :** কাজের বৈধ অনুমতিপত্র থাকা সত্ত্বেও সৌদি সরকার বাংলাদেশি শ্রমিকদের দেশে পাঠিয়ে দেওয়ায় পরিস্থিতি মোকাবিলায় সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের দায়িত্বশীলদের কার্যকর পদক্ষেপ গ্রহণের আহ্বান।

ঙ. **ডেইলি সান :** বাংলাদেশ বিমান ভবন এলাকায় অস্বাস্থ্যকর পরিবেশের চিত্র তুলে ধরে সিটি কর্পোরেশনকে রাজধানীর পরিচ্ছন্নতায় দায়িত্বশীল ভূমিকা পালনের সুপারিশ।

চ. **অবজারভার :** শহর ও গ্রামের মধ্যে শিক্ষার মানের বিষয়ে ব্যাপক বৈষম্য থাকায় শিক্ষার গুণগত মানোন্নয়নে এ বৈষম্য দূরীকরণের ওপর গুরুত্বারোপ।

ছ. **নিউ এজ :** গ্লোবাল হেলথ সিকিউরিটি ইনডেক্স প্রতিবেদনে ১৯৫টি দেশের মধ্যে বাংলাদেশের ১১তম অবস্থান তুলে ধরে এ বিষয়ে সরকারকে ইনডেক্সে দেওয়া নির্দেশনাগুলো যথাযথভাবে অনুসরণের সুপারিশ।

**উপসম্পাদকীয়**

**সমকাল** পত্রিকায় প্রকাশিত কলামে উল্লেখ করা হয়েছে, সড়ক পরিবহণ আইন প্রয়োগের ব্যাপারে নিরপেক্ষতা, দৃঢ়তা ও সততা জরুরি।

#

ডালিয়া/মরজিনা/সেলিনা/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা